যুগান্তর

তারিখ 26 JUN 2015
পৃষ্ঠা ১১ কলাম ৪

# নতুন বছরে ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ে বরাদ্দ প্রায় ২১৭৯ কোটি টাকা

যুগান্তর রিপোর্ট

দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য ২০১৫-১৬ অর্থবছরের ব্যয় নির্বাহে ২ হাজার ১৭৮ কোটি ৮৪ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সভায় এ বাজেট অনুমোদনের পর তা ঘোষণা করা হয়। এ উপলক্ষে ইউজিসির পূর্ণ কমিশনের বৈঠক বসে। এতে সভাপতিত্ব করেন সংস্থার চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

সভায় শিক্ষা সচিব নজর[illegible]ইসলাম খান, পরিকল্পনা কমিশনের (আর্থ-সামাজিক অবকাঠামো) সদস্য হুমায়ুন খালিদ, ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মাদ মোহাব্বত খান, অধ্যাপক ড. মো. আবুল হাশেম, অধ্যাপক ড. মো. আখতার হোসেন, অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, অধ্যাপক ড. দিল আফরোজা বেগম, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. একেএম নূর-উন-নবী, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. রফিকুল আলম বেগ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এম গোলাম শাহী আলম, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এসএম ইমামুল হক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ [illegible] আলমগীর, বাংলাদেশ ইউনিভার্সিটি [illegible] প্রফেশনালসের ফ্যাকাল্টি [illegible] টেকনিক্যাল অ্যান্ড ইঞ্জিনি[illegible]র ডিন ইউজিসি সচিব ড. [illegible]লেদ এবং ইউজিসির অর্থ ও হিসাব [illegible]ভাগের দ্বারপ্রাপ্ত পরিচালক মো. মিজানুর রহমান সভায় উপস্থিত ছিলেন।